বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

গাজীপুর ১৭০৬

ভর্তি সংক্রান্ত নিয়মাবলী
এমএস ও পিএইচডি প্রোগ্রাম

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় (বশেমুরকৃবি) এর কোর্স ক্রেডিট পদ্ধতির অধীনে নিম্নলিখিত বিষয়ে এমএস ও পিএইচডি প্রোগ্রামে অটাম ২০২৪ টার্মে ছাত্র-ছাত্রী ভর্তি করা হইবে। এমএস প্রোগ্রামের জন্য সাধারণত ৫ (পাঁচ) টার্ম এবং পিএইচডি প্রোগ্রামের জন্য সাধারণত ৯ (নয়) টার্ম (প্রতি টার্মে ১২ সপ্তাহ, প্রতি বৎসরে ৩ টার্ম) প্রযোজ্য হইবে।

১। বিষয়ঃ

এমএসঃ কৃষি সম্প্রসারণ ও গ্রামীণ উন্নয়ন; এগ্রোমেটেরিওলজি; কৃষিতত্ত্ব; বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং; ফসল উদ্ভিদবিদ্যা; এনভাইরনমেন্টাল সায়েন্স; কীটতত্ত্ব; ফুড ইঞ্জিনিয়ারিং; কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন; উদ্যানতত্ত্ব; উদ্ভিদ রোগতত্ত্ব; মৃত্তিকা বিজ্ঞান; বীজ বিজ্ঞান ও প্রযুক্তি; অ্যাকোয়াকালচার; ফিশারিজ বায়োলজি এন্ড অ্যাকোয়াটিক এনভাইরনমেন্ট; ফিশারিজ ম্যানেজমেন্ট; জেনেটিক্স অ্যান্ড ফিশ ব্রিডিং; অ্যানিম্যাল ব্রিডিং এন্ড জেনেটিক্স; অ্যানাটমি; অ্যানিম্যাল নিউট্রিশন; অ্যানিম্যাল সায়েন্স; ডেয়রি সায়েন্স; পোল্ট্রি সায়েন্স; মেডিসিন; মাইক্রোবায়োলজি; ফার্মাকোলজি; ফিজিওলজি; সার্জারি; থেরিওজেনোলজি; কৃষি অর্থনীতি; কৃষিবনায়ন ও পরিবেশ।

পিএইচডিঃ কৃষি সম্প্রসারণ ও গ্রামীণ উন্নয়ন; কৃষিতত্ত্ব; বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং; ফসল উদ্ভিদবিদ্যা; এনভাইরনমেন্টাল সায়েন্স; কীটতত্ত্ব; ফুড ইঞ্জিনিয়ারিং; কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন; উদ্যানতত্ত্ব; উদ্ভিদ রোগতত্ত্ব; মৃত্তিকা বিজ্ঞান; বীজ বিজ্ঞান ও প্রযুক্তি; ডেয়রি সায়েন্স; কৃষিবনায়ন ও পরিবেশ।

২। যোগ্যতা ও প্রার্থী নির্বাচন শর্তাবলীঃ

<u>এমএস প্রোগ্রামের জন্যঃ</u>

ক) প্রার্থীদের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম জিপিএ ২.৫০সহ (৪.০০ এর মধ্যে) কৃষি বিষয়ে স্নাতক ডিগ্রী অথবা ডিভিএম ডিগ্রী অথবা অন্য কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হইতে জিপিএ ২.৫০ (৪.০০এর মধ্যে) বা দ্বিতীয় শ্রেণীসহ সমমানের ডিগ্রী থাকিতে হইবে। উল্লেখ্য, আসন খালি থাকা স্বাপেক্ষে ছাত্র ভর্তি করা হইবে।

খ) প্রার্থীদের এসএসসি, এইচএসসি এবং স্নাতক ডিগ্রীতে প্রাপ্ত জিপিএ/নম্বর এর ভিত্তিতে নির্বাচন করা হইবে। মোট ১০০ পয়েন্টের ভিত্তিতে মেধা অনুসারে প্রার্থী নির্বাচন করা হইবে যাহার মধ্যে স্নাতক ডিগ্রীর জন্য ৬০ পয়েন্ট, এইচএসসি এর জন্য ২০ পয়েন্ট এবং এসএসসি এর জন্য ২০ পয়েন্ট নির্ধারিত থাকিবে। ভর্তির যোগ্যতা হিসেবে **কোর্স ক্রেডিট/গ্রেডিং পদ্ধতিতে** ডিগ্রীধারী প্রার্থীর ন্যূনতম ৭০ পয়েন্ট থাকিতে হইবে। কোর্স ক্রেডিট/গ্রেডিং পদ্ধতি ব্যতিত (নম্বর পদ্ধতিতে) ডিগ্রীধারী প্রার্থীর নূন্যতম ৬৫ পয়েন্ট থাকিতে হইবে।

গ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে কোর্স **ক্রেডিট/গ্রেডিং পদ্ধতিতে** ডিগ্রীধারী প্রার্থীর কমপক্ষে ৬৫ পয়েন্ট এবং **নম্বর পদ্ধতিতে** ডিগ্রীধারী প্রার্থীর কমপক্ষে ৬০ পয়েন্ট থাকিতে হইবে। সরকারী বা আধাসরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত ও প্রাতিষ্ঠানিক বৃত্তিপ্রাপ্ত কোর্স ক্রেডিট/গ্রেডিং পদ্ধতিতে ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম ৬০ পয়েন্ট থাকিতে হইবে। কোর্স ক্রেডিট/গ্রেডিং পদ্ধতি ব্যতিত (নম্বর পদ্ধতিতে) ডিগ্রীধারী বৃত্তিপ্রাপ্ত প্রার্থীর ন্যূনতম ৫৫ পয়েন্ট থাকিতে হইবে।

ঘ) একজন প্রার্থী সর্বাধিক ৩ (তিন) টি বিভাগ ভর্তির জন্য পছন্দ করিতে পারিবেন। ভর্তি ইচ্ছুক বিভাগগুলি পছন্দের ক্রমানুসারে উল্লেখ করিতে হইবে।

ঙ) চাকুরীরত প্রার্থীদেরকে চাকুরীদাতার নিকট হইতে কোর্স ও গবেষণা চলাকালীণ সময়ের জন্য ছুটি/ডেপুটেশন মঞ্জুর করা হইবে এ মর্মে ছাড়পত্র দরখাস্তের সহিত সংযোজন করিতে হইবে।

<u>পিএইচডি প্রোগ্রামের জন্য ঃ</u>

ক) চাকুরীরত/ ফ্রেশ প্রার্থীগণ পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করিতে পারিবেন।

খ) প্রার্থীদের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম জিপিএ ৩.০০সহ (৪.০০ এর মধ্যে) স্নাতকোত্তর ডিগ্রী অথবা স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হইতে জিপিএ ৩.০০ (৪.০০ এর মধ্যে) বা দ্বিতীয় শ্রেণীসহ সমমানের ডিগ্রী থাকিতে হইবে। উল্লেখ্য, আসন খালি থাকা স্বাপেক্ষে ছাত্র ভর্তি করা হইবে।

গ) একজন প্রার্থী সর্বাধিক ৩টি (তিন) বিভাগ ভর্তির জন্য পছন্দক্রমে উল্লেখ করিতে পারিবেন। ভর্তি ইচ্ছুক বিভাগগুলি পছন্দের ক্রমানুসারে উল্লেখ করিতে হইবে।

ঘ) প্রার্থীদের এসএসসি, এইচএসসি, স্নাতক এবং স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রীতে প্রাপ্ত জিপিএ/নম্বর এর ভিত্তিতে নির্বাচন করা হইবে। মোট ১০০ পয়েন্টের ভিত্তিতে মেধা অনুসারে প্রার্থী নির্বাচন করা হইবে যাহার মধ্যে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে প্রত্যেকটি ডিগ্রীর জন্য ৩৫ পয়েন্ট করে মোট ৭০ এবং এইচএসসি ও এসএসসি ডিগ্রীর প্রত্যেকটির জন্য ১৫ করে মোট ৩০ পয়েন্ট নির্ধারিত থাকিবে। ভর্তির যোগ্যতা হিসেবে **কোর্স ক্রেডিট/গ্রেডিং পদ্ধতিতে** ডিগ্রীধারী প্রার্থীর ন্যূনতম ৭০ পয়েন্ট এবং **নম্বর পদ্ধতিতে** ডিগ্রীধারী প্রার্থীর কমপক্ষে ৬০ পয়েন্ট থাকিতে হইবে। সরকারী বা আধাসরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত ও প্রাতিষ্ঠানিক বৃত্তিপ্রাপ্ত কোর্স ক্রেডিট/গ্রেডিং পদ্ধতিতে ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম ৬৫ পয়েন্ট এবং নম্বর পদ্ধতিতে ডিগ্রীধারী বৃত্তিপ্রাপ্ত প্রার্থীর ন্যূনতম ৫৫ পয়েন্ট থাকিতে হইবে।

ঙ) চাকুরীরত প্রার্থীদেরকে চাকুরী দাতার নিকট হইতে কোর্স ও গবেষণা চলাকালীণ সময়ের জন্য ছুটি/ডেপুটেশন মঞ্জুর করা হইবে এ মর্মে ছাড়পত্র দরখাস্তের সহিত সংযোজন করিতে হইবে।

চ) বেসরকারী কোন স্কুল বা কলেজ এর শিক্ষক পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করিলে সেক্ষেত্রে আবেদনকারীকে এমপিওভুক্ত হইতে হইবে এবং আবেদনের সাথে এমপিও ভুক্তির প্রমানপত্র দাখিল করিতে হইবে।

৩। অর্থ জমাদানঃ

ক) বিজ্ঞাপন প্রচারের পর শিক্ষা শাখা হইতে ভর্তির আবেদন ফরম, ভর্তির নিয়মাবলী ও গ্র্যাজুয়েট ক্যাটালগ সংগ্রহ করা যাইবে অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **www.bsmrau.edu.bd** হইতে আবেদন ফরম (Application Form) সংগ্রহ করা যাইবে। সোনালী ব্যাংকের যে কোন শাখা হইতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় গাজীপুর ক্যাম্পাসে অবস্থিত সোনালী ব্যাংক লিঃ এর হিসাব নং SND 0219636000036 এ অনলাইনে ৫০০/- (পাঁচশত) টাকা জমা দিয়া জমা রশিদ আবেদনপত্রের সহিত সংযোজন করিতে হইবে।

খ) বিদেশী ছাত্র-ছাত্রীগণ সোনালী ব্যাংক লিঃ, বশেমুরকৃবি শাখা এর হিসাব নং SND 0219636000036 এ SWIFT CODE-BSONBDDH-WEB Routing No: 200330370 এর মাধ্যমে USD 20 (বিশ ডলার) জমা দিয়া জমারশিদ আবেদনপত্রের সহিত সংযোজন করিবেন।

যথাযথভাবে পূরণকৃত ভর্তির আবেদন ফরম অফিস চলাকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের ডিন, গ্র্যাজুয়েট স্টাডিজ অনুষদ অফিসে জমা দিতে হইবে।

৪। দরখাস্তের সহিত সত্যায়িত নিম্নোক্ত কাগজপত্র/সনদের ফটোকপি দাখিল করিতে হইবে।

* ২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট আকারের ছবি।
* এসএসসি, এইচএসসি, স্নাতক এবং স্নাতকোত্তর (পিএইচডি প্রোগ্রামের জন্য) ডিগ্রী পাসের সনদপত্র ও মার্কশীট/ট্রান্সক্রিপ্ট।
* বাংলাদেশী আবেদনকারী ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র এবং বিদেশি আবেদনকারী ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে পাসপোর্টের ফটোকপি।
* সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান হইতে ডিগ্রী অর্জন করিয়াছেন তাহার প্রধানের নিকট হইতে প্রাপ্ত টেস্টিমোনিয়াল।
* টাকা জমাদানের রশিদ।
* অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রের ফটোকপি।
* অস্পষ্ট, অসম্পূর্ণ/ভুল তথ্যাদি সন্নিবেশিত ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৫। আবেদনপত্রের সহিত দাখিলকৃত সকল সনদ পত্রের মূলকপি ভর্তির সময় অবশ্যই দেখাইতে হইবে।

৬। অন্যান্য তথ্যাবলীঃ

ক) ভর্তি, কোর্স এবং পরীক্ষা পদ্ধতিসহ শিক্ষা বিষয়ক সকল তথ্য বশেমুরকৃবি গ্র্যাজুয়েট ক্যাটালগ হইতে জানা যাইবে।

খ) দরখাস্ত ০৩/১২/২০২৪ তারিখ অফিস সময়ের মধ্যে ডীন, গ্র্যাজুয়েট স্টাডিজ অনুষদ অফিসে জমা দিতে হইবে। অস্পস্ট, অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত বাতিল বলিয়া গণ্য হইবে।

গ) মেধার ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের তালিকা ০৮/১২/২০২৪ তারিখে বশেমুরকৃবি নোটিশ বোর্ডে প্রকাশ করা হইবে। নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ভর্তি ১০/১২/২০২৪ তারিখে অনুষ্ঠিত হইবে।

ঘ) নির্বাচিত প্রার্থীদের এমএস এবং পিএইচডি কোর্সে ভর্তির সময়ে ভর্তির জন্য প্রতি টার্মে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি সোনালী ব্যাংক, বশেমুরকৃবি শাখায় জমা দিতে হইবে।

ঙ) ছাত্রদের কোর্স নিবন্ধন ভর্তির সময় সম্পন্ন করিতে হইবে। ভর্তিকৃত ছাত্রদের ওরিয়েন্টেশন এবং ক্লাস ১৫/১২/২০২৪ তারিখ অনুষ্ঠিত হইবে।

চ) কোন ছাত্র ক্লাস শুরু হওয়ার ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে ক্লাসে যোগদানে ব্যর্থ হইলে তাহার ভর্তি বাতিল বলিয়া গণ্য হইবে।

ছ) শিক্ষাকালীন সময়ে প্রত্যেক ছাত্র-ছাত্রীর ছাত্রাবাসে অবস্থান করা বাধ্যতামূলক। ছাত্রাবাস সম্পর্কিত সকল নিয়মকানুন প্রভোস্ট অফিস হইতে জানা যাইবে।

জ) বশেমুরকৃবি (এমএস ও পিএইচডি) শিক্ষা কার্যক্রমে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীগণ একযোগে অন্য কোন বিশ্ববিদ্যালয়ের/শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত শিক্ষাকার্যক্রমে অংশগ্রহণ করিতে পারিবে না।

ঝ) প্রতি টার্মে বিভাগওয়ারী মেধার ভিত্তিতে উপযুক্ত সকল পিএইচডি ছাত্র-ছাত্রীকে মাসিক ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হারে এবং উল্লেখযোগ্য সংখ্যক এমএস ছাত্র-ছাত্রীকে মাসিক ২,০০০/- (দুই হাজার) টাকা হারে বৃত্তি প্রদান করা হইবে।

ঞ) গ্র্যাজুয়েট প্রোগ্রামে ছাত্র-ছাত্রী ভর্তির ক্ষেত্রে আবাসিক হলে সিট থাকা স্বাপেক্ষে হলে সিট বরাদ্দ দেওয়া হইবে।

ট) বিভাগওয়ারী আসন সংখ্যা ভর্তি কমিটি কর্তৃক চুড়ান্ত হইবে।

উপ-রেজিস্ট্রার

ডীন, গ্র্যাজুয়েট স্টাডিজ অনুষদ